## নতুন একটি Folder তৈরি করা :


- প্রথমে কম্পিউটারটি সঠিক নিয়মে চালু করুন।
- চালু হওয়ার পর কম্পিউটারটি ব্যবহারকারীর সকল নির্দেশ পালনের জন্য প্রস্তুত হলে-
- এখন Desktop-এর খালি যায়গায় Mouse-এর ডান বাটন ক্লিক করে New > Folder –এ ক্লিক করুন (চিত্র-১)।

চিত্র-১





- তাহলে Desktop-এর উপর New Folder নামে একটি নতুন ফোল্ডার আসবে (চিত্র-২)। যেখানে New Folder লেখাটি নীল আবরণ দ্বারা আবৃত থাকবে।
- নীল আবরণে আবৃত থাকা অবস্থায় কী-বোর্ড থেকে আপানর পছন্দ মত (যেমন- Ashik) নাম লিখে ফাঁকা যায়গায় Mouse ক্লিক করুন অথবা কী-বোর্ড থেকে Enter-কী চাপুন।

চিত্র-২




- কোন কারণে যদি ফাঁকা যায়গায় Mouse ক্লিক-এর ফলে নীল আবরণটি চলে যায় তাহলে New Folder নামে Folder-টি তৈরি হয়ে যাবে, যেটিকেও আপনি কাজে লাগাতে পারবেন।
- তবে যদি সেটির নাম পরিবর্তনের আবশ্যকতা দেখা দেয় তাহলে পুনরায় Folder-টির উপর Mouse-এর ডান বাটন ক্লিক করে Rename–এ ক্লিক করুন (চিত্র-৩)।


চিত্র-৩






মোঃ মঞ্জুর-ই-এলাহী
সহকারী অধ্যাপক, আই.সি.টি
নওয়াবেঁকী মহাবিদ্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা
মোবাইল নং-০১৭১১৯০৯০৬১
E-mail: m_elahee@yahoo.com, melahee73@gmail.com


- তাহলে Folder-এর নামটি পুনরায় নীল আবরণে আবৃত হবে এবং আপনি আপনার পছন্দমত নাম যেমন Content লিখে ফাঁকা যায়গায় Mouse ক্লিক করুলে অথবা কী-বোর্ড থেকে Enter-কী চাপলে Folder-টি নতুন সেই নামের হয়ে যাবে (চিত্র-৪)।



চিত্র-৪


## Folder-এর ভিতরে PowerPoint Presentation ফাইল তৈরি করা :

- প্রথমে Mouse-এর বাম বাটন Double Click ক্লিক করে অথবা ডান বাটন ক্লিক করে Open-এ ক্লিক করে Folder-টি Open-করুন।
- এখন Folder-এর ভিতরে খালি যায়গায় Mouse-এর ডান বাটন ক্লিক করে New > Microsoft PowerPoint Presentation-এ ক্লিক করুন (চিত্র-১)।



চিত্র-১

- তাহলে Folder-এর ভিতরে New Microsoft PowerPoint Presentation নামে একটি নতুন PowerPoint Presentation ফাইল তৈরি হবে। যেখানে New Microsoft PowerPoint Presentation লেখাটি নীল আবরণ দ্বারা আবৃত থাকবে।
- নীল আবরণে আবৃত থাকা অবস্থায় কী-বোর্ড থেকে আপানর পছন্দ মত (যেমন-Project-1) নাম লিখে (চিত্র-২) ফাঁকা যায়গায় Mouse ক্লিক করুন অথবা কী-বোর্ড থেকে Enter-কী চাপুন।




চিত্র-২



মোঃ মঞ্জুর-ই-এলাহী
সহকারী অধ্যাপক, আই.সি.টি
নওয়াবেঁকী মহাবিদ্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা
মোবাইল নং-০১৭১১৯০৯০৬১
E-mail: m_elahee@yahoo.com, melahee73@gmail.com

- কোন কারণে যদি ফাঁকা যায়গায় Mouse ক্লিক-এর ফলে নীল আবরণটি চলে যায় তাহলে New Microsoft PowerPoint Presentation নামেই একটি PowerPoint Presentation ফাইল তৈরি হয়ে যাবে, যেটিকেও আপনি কাজে লাগাতে পারবেন।
- তবে যদি নাম পরিবর্তনের আবশ্যকতা দেখা দেয় তাহলে পুনরায় PowerPoint Presentation ফাইলটির উপর Mouse-এর ডান বাটন ক্লিক করে Rename-এ ক্লিক করুন (চিত্র-৩)।

চিত্র-৩



- তাহলে PowerPoint Presentation ফাইলের নামটি পুনরায় নীল আবরণে আবৃত হবে এবং আপনি আপনার পছন্দমত নাম লিখে ফাঁকা যায়গায় Mouse ক্লিক করলে অথবা কী-বোর্ড থেকে Enter-কী চাপলে PowerPoint Presentation ফাইলটি নতুন সেই নামের হয়ে যাবে।
- এখন Mouse-এর বাম বাটন Double Click ক্লিক করে অথবা ডান বাটন ক্লিক করে Open-এ ক্লিক করে PowerPoint Presentation -টি Open-করুন।

**তবে *Folder*-এর ভিতরে খালি যায়গায় *Mouse*-এর ডান বাটন ক্লিক করে *New* > তে গিয়ে যদি *Microsoft PowerPoint Presentation* অপশনটি না পাওয়া যায় তাহলে বিকল্প পদ্ধতিতে *PowerPoint Presentation* ফাইল তৈরি করা যাবে।**


- সেক্ষেত্রে প্রথমে ডেক্সপের Start> **All apps** > PowerPoint 2016 ক্লিক করি (চিত্র-১)।

চিত্র-১



- তাহলে স্বাভাবিক নিয়ম অনুযায়ী PowerPoint Presentation প্রোগামটি চালু হবে (চিত্র-২)।

চিত্র-২





- এখন তালিকা থেকে (চিত্র-২) Blank Presentation-এ ক্লিক করুন ।



মোঃ মঞ্জুর-ই-এলাহী
সহকারী অধ্যাপক, আই.সি.টি
নওয়াবেঁকী মহাবিদ্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা
মোবাইল নং-০১৭১১৯০৯০৬১
E-mail: m_elahee@yahoo.com, melahee73@gmail.com


- তাহলে Presentation-1 নামে Microsoft PowerPoint এর একটি Blank Presentation ফাইল চালু হবে (চিত্র-৩)।


চিত্র-৩




- এখন PowerPoint Presentation ফাইলটি Save করার জন্য File > Save > This PC > Documents ক্লিক করলে Save As অপশনটি চালু হবে (চিত্র-৪ ও চিত্র-৫)।

চিত্র-৪





চিত্র-৫


- এবার Save As ডায়লগ বক্সের (চিত্র-৫) নিচের দিকের File Name: ঘরে Presentation1 লেখাটিকে Mouse দিয়ে সিলেক্ট (নীল আবরণে আবৃত) করে আপনার পছন্দ মত (যেমন-Project-1) নাম লিখে Save বাটনে ক্লিক করুন অথবা কী-বোর্ড থেকে Enter-কী চাপুন।
- তাহলে Documents এর ভিতরে Project-1 নামে PowerPoint Presentation ফাইলটি Save হবে।

↳তবে চাইলে আপনি Desktop-এর উপরে তৈরি করা Folder-টিতে PowerPoint Presentation ফাইলটি Save করতে পারেন।

- সেক্ষেত্রে File > Save > This PC > এরপর ডান পার্শ্বের Desktop-লেখাটিতে ক্লিক করুন (চিত্র-১)।

চিত্র-১




চিত্র-২

- তাহলে আপনার সামনে Save As ডায়লগ বক্স চালু হবে (চিত্র-২) এবং Desktop-এর উপরে তৈরি করা (Content নামের) Folder-টি দেখা যাবে।
- এখন Mouse-এর বাম বাটন Double Click ক্লিক করে অথবা ডান বাটন ক্লিক করে Open-এ ক্লিক করে Folder-টিতে প্রবেশ করুন।




মোঃ মঞ্জুর-ই-এলাহী
সহকারী অধ্যাপক, আই.সি.টি
নওয়াবেঁকী মহাবিদ্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা
মোবাইল নং-০১৭১১৯০৯০৬১
E-mail: m_elahee@yahoo.com, melahee73@gmail.com

- এবার Save As ডায়লগ বক্সের নিচের দিকের File Name: ঘরে Presentation1 লেখাটিকে Mouse দিয়ে সিলেক্ট (নীল আবরণে আবৃত) করে আপনার পছন্দ মত (যেমন-Project-1) নাম লিখে Save বাটনে ক্লিক করুন অথবা কী-বোর্ড থেকে Enter-কী চাপুন।
- তাহলে Desktop-এর উপরে তৈরি করা Folder-টিতে PowerPoint Presentation ফাইলটি Save হবে।

↳ ***Desktop*-এর উপরে তৈরি করা *Folder*-টি ছাড়া *Computer*-এর অন্য কোন স্থানে *PowerPoint Presentation* ফাইলটি *Save* করতে চাইলে, *File > Save* ক্লিক করে *Save As* অপশন হতে *Browse* ক্লিক করে *Save As* ডায়লগ বক্স চালু হওয়ার পর বামপার্শ্ব হতে *Computer*-এর যে কোন স্থান নির্বাচন করে উপরোক্ত পদ্ধতিতে File Name: ঘরে ফাইলের নাম লিখে ফাইলটি *Save* করতে পারেন।**

## PowerPoint Window সম্পর্কে সংক্ষিপ্ত পরিচিতি :

*PowerPoint* চালু করলে যে উইন্ডোটি আসে (চিত্র-১) সেখানে আছে, সবার উপরে *Title bar*, তার নিচে থাকে *Menu Bar,* এর নিচে *Tool bar,* এবং সবার নিচে *Status bar* । *Status bar* এ উপরে থাকে *Drawing Toolbar* টি। মাঝের অংশে সবার বামে থাকে *Outline and Slide View,* মাঝখানে থাকে *Working Window* এবং ডানে থাকে *Task pane* (নিচের ছবিটি দেখুন)




চিত্র-১

## কিছু গুরুত্বপূর্ণ বিষয় জেনে রাখা ভাল :

১. *File Menu :* এটি ব্যবহার করে প্রেজেন্টেশন খোলা, বন্ধ করা, সেভ করা, পাবলিশ করা, প্রিন্ট করা, পাওয়ারপয়েন্ট থেকে বের হওয়া প্রভৃতি কাজ করা হয়।

২. *Title Bar :* প্রেজেন্টেশনটি কি নামে তৈরি সেটি এখানে প্রদর্শিত হয়ে থাকে।

৩. *Quick Title bar :* শর্টকাটে দ্রুততার সাথে কোন কোন কাজ করার নির্দেশাবলী এখানে সংযুক্ত করে রাখা যায়। যেটি প্রয়োজনে ব্যবহৃত হয়।

৪. *Menu bar :* এখানে বিভিন্ন মেনুগুলি অবস্থান করে, যেমন- *Home, Insert, Design, Animation, Slide Show, Review* এবং *view*

৫. *Ribbon :* এটি একই সাথে মেনুবার ও টুলবারের কাজ করে থাকে। রিবন হচ্ছে এক একটি ট্যাব যেখানে এক এক ক্যাটেগরির জন্য এক একটি কমান্ড গ্রুপ থাকে। *Ribbon tab* গুলি *Home, Insert, Design, Animation, Slide Show, Review* এবং *view* ।

৬. *Command Group :* প্রতিটি *Ribbon tab* এর এক একটি *Command Group* এর অধীনে সেই সংশ্লিষ্ট প্রয়োজনীয় কিছু টুলস্ থাকে যেগুলি ব্যবহার করে ঐ সংশ্লিষ্ট যাবতীয় কাজ করা হয়।


৭. *View Button :* স্লাইডে যে কাজ করা হয় তা *Slide Show-* এর মাধ্যমে দেখতে চাইলে, কিংবা *Outline* বা *Slide Sorter View* তে দেখতে চাইলে *View Button* ব্যবহার করতে হয়।



মোঃ মঞ্জুর-ই-এলাহী
সহকারী অধ্যাপক, আই.সি.টি
নওয়াবেঁকী মহাবিদ্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা
মোবাইল নং-০১৭১১৯০৯০৬১
E-mail: m_elahee@yahoo.com, melahee73@gmail.com

## PowerPoint Presentation-টি বন্ধ করা:

- বিভিন্ন পদ্ধতি এই Microsoft PowerPoint Presentation- প্রোগ্রামটি বন্ধ করা যায়। তবে PowerPoint Presentation বন্ধ করতে চাইলে পদ্ধতি অনুযায়ী সেটিকে প্রথমে Save করে নিতে হবে।
- এরপর টাইটেল বারের ডান কোনায় (চিত্র-১) ক্রস (×) চিহ্নিত বাটন-টিতে (চিত্র-২) ক্লিক করলেই PowerPoint Presentation-টি বন্ধ হয়ে যাবে।




চিত্র-২ চিত্র-১

চিত্র-৩




- তবে PowerPoint Presentation-টি বন্ধ করার পূর্বে যদি সেটির সর্বশেষ কোন পরিবর্তনকে Save করা না হয় তাহলে একটি সতর্ক বার্তা আসবে (চিত্র-৩)।
- সেক্ষেত্রে ঐ সতর্ক বার্তা সম্বলিত ডায়ালগ বক্সের (চিত্র-৩) Save বাটনে ক্লিক করলেই PowerPoint Presentation-টির সর্বশেষ পরিবর্তনটি Save হয়ে একই সাথে সেটি বন্ধ হয়ে যাবে।


## Save থাকা কোন PowerPoint Presentation-চালু করা:

- পূর্বে তৈরি করা বা Save করা কোন PowerPoint Presentation-কে বিভিন্ন ভাবে চালু করা যায়। যার একটি হল.....
- প্রথমে পদ্ধতি অনুযায়ী PowerPoint Presentation-টিকে চালু করতে হবে।
- সেক্ষেত্রে প্রথমে ডেক্সটপের Start> All apps > PowerPoint 2016 ক্লিক করি (চিত্র-৪)।



চিত্র-৪

চিত্র-৫





চিত্র-৬

- তাহলে স্বাভাবিক নিয়ম অনুযায়ী PowerPoint Presentation প্রোগামটি চালু হবে (চিত্র-৫)।
- চিত্র-৫ এর বাম পার্শ্বে Recent তালিকাতে পূর্বে তৈরি করা বা Save করা আপনার PowerPoint Presentation-গুলোর নাম থাকবে।
- যতি Recent তালিকাতে আপনার প্রয়োজনীয় PowerPoint Presentation-টির নাম থাকে তাহলে সেটির উপর Mouse ক্লিক করলেই আপনার প্রয়োজনীয় PowerPoint Presentation-টি চালু হবে।
- আর যদি ঐ (চিত্র-৫) Recent তালিকাতে আপনার প্রয়োজনীয় PowerPoint Presentation-টির নাম না থাকে তাহলে Recent তালিকার নিচে Open Other Presentation (চিত্র-৬) ক্লিক করুন।



মোঃ মঞ্জুর-ই-এলাহী
সহকারী অধ্যাপক, আই.সি.টি
নওয়াবেঁকী মহাবিদ্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা
মোবাইল নং-০১৭১১৯০৯০৬১
E-mail: m_elahee@yahoo.com, melahee73@gmail.com

- তাহলে নিচের Open অপশনটি চালু হবে (চিত্র-৭)।





চিত্র-৯

চিত্র-৮ চিত্র-৭

- এখন ঐ Open অপশনটির (চিত্র-৭) নিচের দিকের Browse অপশনে (চিত্র-৮) Mouse ক্লিক করুন।
- তাহলেই আপনার সামনে Open ডায়ালগ বক্সটি চালু হবে (চিত্র-৯)।
- এখন কম্পিউটারের যে স্থানে PowerPoint Presentation-টি Save করে রাখা আছে সেই স্থানে গিয়ে যে PowerPoint Presentation-টি চালু করতে চান সেই PowerPoint Presentation-টিতে *Mouse*-এর বাম বাটন *Double Click* ক্লিক করে অথবা PowerPoint Presentation-টির উপর একটি ক্লিক করে *Open*-এ ক্লিক করলে PowerPoint Presentation-টি চালু হয়ে যাবে।

↳ এছাড়াও সরাসরি *Explorer* এর মাধ্যমেও আমরা *Save* করা কোন *PowerPoint Presentation*-কে চালু করতে পারি।

- সেক্ষেত্রে প্রথমে ডেক্সটপের (চিত্র-১০) নিচের দিকের Task বারের Explorer ফোল্ডার-টিতে ক্লিক করতে হবে (চিত্র-১১)।



চিত্র-১২ চিত্র-১৩ চিত্র-১০ চিত্র-১১

- তাহলে Explorer-টি চালু হবে (চিত্র-১২) এবং আপনার কম্পিউটারের সকল ফোল্ডার এবং ড্রাইভ-গুলি বাম পার্শ্বে দেখা যাবে।
- এখন কম্পিউটারের যে স্থানে Save করা PowerPoint Presentation -টি আছে বাম পার্শ্বের সেই স্থানটিতে ক্লিক করুন। তাহলে ডান পার্শ্বে সেই স্থানে রক্ষিত সকল ফাইল এবং ফোল্ডার-গুলি প্রদর্শিত হবে। (যদি আপনার Save করা PowerPoint Presentation-টি Documents -এর মধ্যে থাকে তাহলে বাম পার্শ্বের Documents লেখাটির উপর ক্লিক করুন।)
- এখন ডান পার্শ্বে প্রদর্শিত ফাইল গুলির মধ্য হতে আপনার প্রয়োজনীয় ফাইলটি-তে Mouse ডাবল ক্লিক করুন কিংবা Mouse এর ডান বাটন ক্লিক করে Open ক্লিক করুন তাহলেও ফাইল-টি চালু হবে।



মোঃ মঞ্জুর-ই-এলাহী
সহকারী অধ্যাপক, আই.সি.টি
নওয়াবেঁকী মহাবিদ্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা
মোবাইল নং-০১৭১১৯০৯০৬১
E-mail: m_elahee@yahoo.com, melahee73@gmail.com

## অভ্র ব্যবহার করে বাংলা ও ইংরেজী টাইপ করা :


- অভ্র সফ্‌টওয়্যারটি কম্পিউটারে ইনস্টল করা থাকলে নিচের মত (চিত্র-১) এই রকম এটি বার ডেস্কটপে উপরের ডান কোনায় দেখাবে। তবে কেউ কেউ এটিকে আবার System Tray এর মধ্য নামিয়ে রাখে।

চিত্র-১




- তবে যদি বারটি উপরোক্ত অবস্থায় ডেস্কটপে উপরের ডান কোনায় দেখা না যায় তাহলে *Strat > All Apps > Avro Keyboard* এ ক্লিক করুন তাহলে ডেস্কটপে উপরের ডান কোনায় দেখা দেবে।

## অভ্র এর বিভিন্ন ফিচার সম্পর্কে ধারনা : চিত্র-২

চিত্র-২



## যারা বিজয় কী-বোর্ড লে-আউটে বাংলা টাইপ করতে জানেন না তার অভ্রতে বাংলা লিখবেন যেভাবে :

- প্রথমে কী-বোর্ড লে-আউট থেকে *Avro Phonetic (English to Bangla)* নির্বাচন করুন (চিত্র-৩)।

চিত্র-৩



- এবার কী-বোর্ড হতে *F12* কী চাপুন। এতে কী-বোর্ড বাংলা *(Bangla)* হবে। এবার স্লাইডে টাইপ করুন।
- *Avro Phonetic (English to Bangla)* কী-বোর্ড লে-আউটে ইংরেজী লিখলে তা বাংলায় রুপান্তরিত হয়। যেমন- *amar* লিখলে হবে **আমার** এবং *tOmar* লিখলে হবে **তোমার** ইত্যাদি। (১৯ নং পৃষ্ঠাতে *Avro Phonetic (English to Bangla)* কী-বোর্ড লে-আউট দেওয়া আছে )

## যারা বিজয় কী-বোর্ড লে-আউটে বাংলা টাইপ করতে জানেন তার অভ্রতে বাংলা লিখবেন যেভাবে :

- কী-বোর্ড লে-আউট থেকে *UniBijoy* নির্বাচন করুন (চিত্র-৪)।

চিত্র-৪



- কী-বোর্ড মোড বাংলা না থাকলে *F12* কী চাপুন। এতে কী-বোর্ড বাংলা *(Bangla)* হবে। এবার স্লাইডে বিজয়ের মত করে টাইপ করুন।
- যদি ইংরেজী লিখতে চান তাহলে *F12* কী চাপুন। এতে কী-বোর্ড *English (ইংরেজী)* হবে। এবং লেখাও ইংরেজীতে হবে।
- প্রয়োজনে লে-আউট ভিউয়ার এ ক্লিক করে *Avro Phonetic* কী-বোর্ডে কোন ইংরেজী কী চাপলে কোন বাংলা অক্ষরটি টাইপ হবে তা দেখে নিতে পারেন। এমনকি *UniBijoy* লে-আউট এর ক্ষেত্রেও আপিন কোন ইংরেজী কী চাপলে কোন বাংলা অক্ষরটি টাইপ হবে তা দেখে নিতে পারেন। (১৯ নং পৃষ্ঠাতে *UniBijoy* কী-বোর্ড লে-আউট দেওয়া আছে )



মোঃ মঞ্জুর-ই-এলাহী
সহকারী অধ্যাপক, আই.সি.টি
নওয়াবেঁকী মহাবিদ্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা
মোবাইল নং-০১৭১১৯০৯০৬১
E-mail: m_elahee@yahoo.com, melahee73@gmail.com

## *PowerPoint* এ *Text*-লেখা, *Text*-রং করা ও *Text*-ছোট বড় করা :


### Text লেখা :

- স্লাইডের উপরে *Text Box* এর *Click add to title* এ মাউস ক্লিক করে লেখা শুরু করুন। প্রথমে নিজের নাম লিখুন (যেমন-মোঃ মঞ্জুর-ই-এলাহী)
- এবং *Text Box* এর *Click add to subtitle* এ মাউস ক্লিক করে আপনার প্রতিষ্ঠানের নাম লিখুন (যেমন-নওয়াবেঁকী মহাবিদ্যালয়)

### Text রং করা :

- কোন *Text*-কে রং করতে চাইলে প্রথমেই সেই *Text*-টিকে মাউস দিয়ে টেনে ধরে সিলেক্ট করুন অথবা *Text* বক্সের ভিতরে থাকা সকল *Text*-কে একেবারে সিলেক্ট করতে চাইলে *Text* বক্সটির বর্ডারে ক্লিক করুন।
- এবার *Home* রিবনের *Font* কমান্ডগ্রুপ থেকে পছন্দ মত *Font Color* নির্বাচন করুন (চিত্র-১)। তাহলে নির্বাচিত *Text* টি রঙিন হবে।

চিত্র-১





- এছাড়াও *More Colors* এ ক্লিক করে পছন্দমত রং নির্বাচন করে *Ok* ক্লিক করলে নির্বাচিত *Text* টি রঙিন হবে।

### Text-আউটলাইন রং করা :

- কোন *Text*-এর আউটলাইনকে রং করতে চাইলে প্রথমেই সেই *Text*-টিকে মাউস দিয়ে টেনে ধরে সিলেক্ট করুন অথবা *Text* বক্সের ভিতরে থাকা সকল *Text*-কে একেবারে সিলেক্ট করতে চাইলে *Text* বক্সটির বর্ডারে ক্লিক করুন।
- এবার *Drawing Tools* এর অধীনস্থ *Format* রিবনের *WordArt Style* কমান্ডগ্রুপ থেকে *Text Outline* এর ড্রপ ডাউন এ্যারোতে ক্লিক করে পছন্দ মত *Outline Color* নির্বাচন করুন (চিত্র-২)। তাহলে নির্বাচিত *Text* এর আউটলাইনটি রঙিন হবে।

চিত্র-২




- এছাড়াও *More Colors* এ ক্লিক করে পছন্দমত রং নির্বাচন করে *Ok* ক্লিক করলে নির্বাচিত *Text* এর আউটলাইনটি রঙিন হবে।
- এমনকি *Drawing Tools* এর অধীনস্থ *Format* রিবনের *WordArt Style* কমান্ডগ্রুপ থেকে *Text Fill* এর ড্রপ ডাউন এ্যারোতে ক্লিক করে পছন্দ মত *Fill Color* নির্বাচন করলেও নির্বাচিত *Text* এর ভিতরের রং ও পরিবর্তন হবে।




মোঃ মঞ্জুর-ই-এলাহী
সহকারী অধ্যাপক, আই.সি.টি
নওয়াবেঁকী মহাবিদ্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা
মোবাইল নং-০১৭১১৯০৯০৬১
E-mail: m_elahee@yahoo.com, melahee73@gmail.com

## Text ছোট বা বড় করা :

- কোন *Text*-এর *Font Size* ইচ্ছানুযায়ী ছোট বা বড় করতে চাইলে প্রথমেই সেই *Text*-টিকে মাউস দিয়ে টেনে ধরে সিলেক্ট করুন অথবা *Text* বক্সের ভিতরে থাকা সকল *Text*-কে একেবারে সিলেক্ট করতে চাইলে *Text* বক্সটির বর্ডারে ক্লিক করুন।
- *Keyboard* এর *Ctrl* কী চেপে ধরে ছোট করতে চাইলে [ (শুরু তৃতীয় বন্ধনী)-কী চাপুন এবং বড় করতে চাইলে ] (শেষ তৃতীয় বন্ধনী)-কী চাপুন।
- এছাড়াও *Home* রিবনের *Font* কমান্ডগ্রুপ থেকে পছন্দ মত *Font Size* নির্বাচন করুন (চিত্র-৩)। তাহলে নির্বাচিত *Text* টি ছোট বা বড় হবে।


চিত্র-৩





## *PowerPoint* এর *Text*-এ *Animation* দেওয়া :

- প্রথমে আমরা *Animation* ট্যাবের *Advanced Animation* কমান্ড গ্রুপের অধীন *Animation Pan* ক্লিক করে ডান পার্শ্বে *Animation Pan* টি চালু করে রাখতে পারি (চিত্র-১), কিংবা প্রয়োজনের সময় পরেও চালু করে নিতে পারি।

চিত্র-১





- লেখাগুলিকে ধারাবাহিকভাবে কোনটির পর কোনটি স্লাইডে আনতে চাই সেইভাবে একটি একটি সিলেক্ট করে *Animation* দিলে একেবারে ধারাবাহিকতা তৈরি হয়ে যাবে। তবে যদি কোন কারনে ধারাবাহিকতা পরিবর্তন করতে হয় তাহলে সেক্ষেত্রে আমরা *Animation Pan* থেকে সেটি করতে পারব।
- এখন কোন *Text*-এ *Animation* দিতে চাইলে প্রথমেই সেই *Text*-টিকে মাউস দিয়ে টেনে ধরে সিলেক্ট করুন অথবা *Text* বক্সের ভিতরে থাকা সকল *Text*-কে একেবারে *Animation* দিতে চাইলে সেটি সিলেক্ট করতে *Text* বক্সটির বর্ডারে ক্লিক করুন (চিত্র-২)।
- এরপর লেখাটিকে স্লাইডে আনার জন্য *Entrance Effect* দিতে হলে Animations ট্যাবের *Advanced Animation* কমান্ড গ্রুপের অধীন *Add Animation* ক্লিক করে নিচের দিকে *More Entrance Effect* ক্লিক করতে হবে (চিত্র-৩)।




চিত্র-২


চিত্র-৩





মোঃ মঞ্জুর-ই-এলাহী
সহকারী অধ্যাপক, আই.সি.টি
নওয়াবেঁকী মহাবিদ্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা
মোবাইল নং-০১৭১১৯০৯০৬১
E-mail: m_elahee@yahoo.com, melahee73@gmail.com

- আপনার সামনে *Add Entrance Effect* ডায়লগবক্স *Open* হবে (চিত্র-৪)। (এখান থেকে আপনার পছন্দ মত নির্বাচন করুন)
- যেমন আমরা *Basic Effect* গ্রুপের মধ্য থেকে *Wipe* সিলেক্ট করে OK ক্লিক করতে পারি ।
- তখনই ডানপাশে *Animation Pane* এ *Animation* টি দেখা যাবে (চিত্র-৫)।

চিত্র-৪





চিত্র-৫


- ডানপাশে *Animation Pane* এ প্রদর্শিত হওয়া *Animation* এর ডান পার্শ্বে ড্রপ-ডাউন (▾) এ্যারোতে অথবা *Animation* এর উপ মাউসের ডান বাটন ক্লিক করলে আমারা নিম্ন রুপ (চিত্র-৬) কিছু অপশন দেখতে পাব।

চিত্র-৬





- স্লাইড-শো করার পর লেখাটিকে মাউস ক্লিক অথবা কী-বোর্ডের কোন বাটন চেপে যদি স্লাইডে আনতে চাই তাহলে *Start On Click* সিলেক্ট রাখতে হবে (চিত্র-৭) যদিও প্রাথমিক অবস্থায় সেটি সিলেক্ট অবস্থায় থাকে।
- আর যদি চান স্লাইড-শো হওয়ার সাথে সাথেই সয়ংক্রিয়ভাবে লেখাটি স্লাইডে চলে আসুক তাহলে *Start With Previous* ক্লিক করে সিলেক্ট করতে হবে (চিত্র-৮)।
- তবে যদি চান স্লাইড-শো হওয়ার পরে সয়ংক্রিয়ভাবে লেখাটি স্লাইডে চলে আসুক তাহলে *Start After Previous* ক্লিক করে সিলেক্ট করতে হবে (চিত্র-৯)।

চিত্র-৭





চিত্র-৮




চিত্র-৯




চিত্র-১০




- এছাড়াও ডানপাশে *Animation Pane* এ প্রদর্শিত হওয়া *Animation* এর ডান পার্শ্বে ড্রপডাউন এ্যারোতে অথবা *Animation* এর উপর মাউসের ডান বাটন ক্লিক করে *Timing* ক্লিক করে *Start* এর মধ্য হতে *Start On Click*, *Start With Previous* কিংবা *Start After Previous* নির্বাচন করে দিতে পারেন (চিত্র-১০)।




মোঃ মঞ্জুর-ই-এলাহী
সহকারী অধ্যাপক, আই.সি.টি
নওয়াবেঁকী মহাবিদ্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা
মোবাইল নং-০১৭১১৯০৯০৬১
E-mail: m_elahee@yahoo.com, melahee73@gmail.com


## *PowerPoint*- এ *Animation*- এর ক্রম (Order) পরিবর্তন করা:

- *PowerPoint*-এর *Slide*-এ লেখাগুলিকে ধারাবাহিক ভাবে কোনটির পর কোনটি আনতে চাই সেই ভাবে একটি একটি সিলেক্ট করে *Animation* দিলে একেবারে ধারাবাহিকতা তৈরি হয়ে যায়। তবে যদি কোন কারনে ধারাবাহিকতা পরিবর্তন করতে হয় তাহলে সেক্ষেত্রে আমরা *Animation Pan* থেকে সেটি করতে পারব।
- এজন্য প্রথমে আমরা *Animation* ট্যাবের *Advanced Animation* কমান্ড গ্রুপের অধীন *Animation Pan* ক্লিক করে ডান পার্শ্বে *Animation Pan* টি চালু করে করতে হবে (চিত্র-১)।


চিত্র-১




- এখন যে *Animation*-টির ক্রম (Order) পরিবর্তন করতে চাই সেটির উপর Mouse- ক্লিক করে চেপে রেখে (চিত্র-২) যে স্থানে *Animation*-টিকে নিয়ে রাখতে চাই সেই স্থানে গিয়ে Mouse- টি ছেড়ে দিই (চিত্র-৩)।




চিত্র-৩



চিত্র-২

- তাহলেই *Animation* টি ঐ স্থানে স্থানান্তরিত হয়ে যাবে (চিত্র-৪) আর্থাৎ *Animation* টির ক্রম পরিবর্তন হয়ে যাবে।

চিত্র-৪



- এখন সেটিকে স্থায়ী ভাবে সংরক্ষণ করতে Ctrl+S চেপে পুনরায় Save করি ।




মোঃ মঞ্জুর-ই-এলাহী
সহকারী অধ্যাপক, আই.সি.টি
নওয়াবেঁকী মহাবিদ্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা
মোবাইল নং-০১৭১১৯০৯০৬১
E-mail: m_elahee@yahoo.com, melahee73@gmail.com

## *PowerPoint-এ Animation-এর Effect পরিবর্তন এবং Timing ও Triggers সেট করা:*


- *PowerPoint-Presentation*-এর কোন লেখা (*Text*) বা অবজেক্ট (*Image, Shape etc.... *)-এ যে সকল *Animation* যুক্ত করা হয় প্রয়োজন অনুযায়ী সেগুলির *Effect* পরিবর্তন করার দরকার পড়ে কিংবা কাজের সুবিধার্থে কখনও কখনও *Timing* সেট করার দরকার হয়। সেগুলি করতে আমাদের যা করতে হবে-
- যদি *Animation Pan* টি চালু না থাকে তাহলে প্রথমে *Animation* ট্যাবের *Advanced Animation* কমান্ড গ্রুপের অধীন *Animation Pan* ক্লিক করে ডান পার্শ্বে *Animation Pan* টি চালু করে নিই।
- তাহলে *PowerPoint-Presentation*-এর কোন লেখা (*Text*) বা অবজেক্ট (*Image, Shape etc.... *)-এ যে সকল *Animation* যুক্ত করা আছে সেগুলি সবই ঐ *Animation Pane* এ দেখা যাবে।

### *Animation-এর Effect পরিবর্তন করা:*


- এখন যে *Animation*-টির *Effect* পরিবর্তন চাই *Animation Pan* হতে সেটির ডান পার্শ্বের ড্রপ-ডাউন (▾) এ্যারো-তে *Mouse*-ক্লিক করে অথবা *Animation*-টির উপর *Mouse*-এর ডান বাটন ক্লিক করে *Effect Options*...ক্লিক করি (চিত্র-১)-




চিত্র-৩





চিত্র-২





চিত্র-১


- কিংবা *Animation*-টির উপর *Mouse*-ডাবল ক্লিক করলে ঐ *Animation*-টির *Effect* ডায়ালগ বক্স চালু হবে (চিত্র-২)।
- এই *Effect* ডায়ালগ বক্সের *Settings* কমান্ড গ্রুপের অধীন *Direction* সহ আরও কিছু অপশন থাকতে পারে।
- *Direction* এর ডান পার্শ্বের বক্সে এই *Animation*-টি কিভাবে কাজ করবে সেটি উল্লেখ থাকবে।
- *Direction* পরিবর্তন করতে চাইলে-বক্সের ডান পার্শ্বের ড্রপ-ডাউন (▾) এ্যারো-তে *Mouse*-ক্লিক করলে আরও ভিন্ন ভিন্ন *Direction* থাকবে (চিত্র-৩) সেখান থেকে চাহিদানুযায়ী *Direction* ঠিক (ক্লিক) করে দিতে পারেন।




চিত্র-৪




চিত্র-৫




চিত্র-৬


- এছাড়াও *Effect* ডায়ালগ বক্সের *Enhancement* কমান্ড গ্রুপের অধীন *Sound* অপশন এর বক্সের ডান পার্শ্বের ড্রপ-ডাউন (▾) এ্যারো-তে *Mouse*-ক্লিক করে চাইলে *Animation*-টির সাথে কোন শব্দও যুক্ত করে দিতে পারেন (চিত্র-৪)।
- আবার আপনি যদি চান *Animation*-টি শেষ করার পর লেখা (*Text*) বা অবজেক্ট (*Image, Shape etc.... *)-টির রঙের কোন পরিবর্তন হোক কিংবা একবার অদৃশ্য হয়ে যাক তাহলে *Effect* ডায়ালগ বক্সের *Enhancement* কমান্ড গ্রুপের অধীন *After animation* অপশন এর বক্সের ডান পার্শ্বের ড্রপ-ডাউন (▾) এ্যারো-তে *Mouse*-ক্লিক করে প্রয়োজন মত পরিবর্তন করে দিতে পারেন (চিত্র-৫)।
- কিংবা লেখাগুলির সমগ্রটি একেবারে *(All at once)* আনতে চান নাকি *Word by Word* কিংবা যদি চান *Letter by Letter* তাহলে *Effect* ডায়ালগ বক্সের *Enhancement* কমান্ড গ্রুপের অধীন *Animation text* অপশন এর বক্সের ডান পার্শ্বের ড্রপ-ডাউন (▾) এ্যারো-তে *Mouse*-ক্লিক করে চাহিদা মত পরিবর্তন করে দিন (চিত্র-৬)।




মোঃ মঞ্জুর-ই-এলাহী
সহকারী অধ্যাপক, আই.সি.টি
নওয়াবেঁকী মহাবিদ্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা
মোবাইল নং-০১৭১১৯০৯০৬১
E-mail: m_elahee@yahoo.com, melahee73@gmail.com

## *Animation-এর Timing সেট করা:*


- যে *Animation*-টির *Timing* সেট বা পরিবর্তন করতে চাই সেটির ডান পার্শ্বের ড্রপ-ডাউন (▼) এ্যারো-তে *Mouse*-ক্লিক করে অথবা *Animation*-টির উপর *Mouse*-এর ডান বাটন ক্লিক করে *Timing* ক্লিক করি (চিত্র-১)-
- তাহলে ঐ *Animation*-টির *Timing* ডায়ালগ বক্স চালু হবে (চিত্র-২)।




চিত্র-৩





চিত্র-২





চিত্র-১


- স্লাইড-শো করার পর লেখা (*Text*) বা অবজেক্ট (*Image, Shape etc.... *)-টি মাউস ক্লিক অথবা কী-বোর্ডের কোন বাটন চেপে যদি স্লাইডে আনতে চাই তাহলে *Start* এর ডান পার্শ্বের বক্সে *Start On Click* রাখতে হবে (চিত্র-৩) যদিও প্রাথমিক অবস্থায় সেটি নির্বাচিত থাকে।
- আর যদি চান স্লাইড-শো হওয়ার সাথে সাথেই সয়ংক্রিয়ভাবে লেখা (*Text*) বা অবজেক্ট (*Image, Shape etc.... *)-টি স্লাইডে চলে আসুক তাহলে *Start* বক্সের ডান পার্শ্বের ড্রপ-ডাউন (▼) এ্যারো-তে *Mouse*-ক্লিক করে *Start With Previous* সিলেক্ট করতে হবে (চিত্র-৩)।
- তবে যদি চান স্লাইড-শো হওয়ার পরে সয়ংক্রিয়ভাবে লেখা (*Text*) বা অবজেক্ট (*Image, Shape etc.... *)-টি স্লাইডে চলে আসুক তাহলে *Start* বক্সের ডান পার্শ্বের ড্রপ-ডাউন (▼) এ্যারো-তে *Mouse*-ক্লিক করে *Start After Previous* সিলেক্ট করতে হবে (চিত্র-৩)।




চিত্র-8




চিত্র-৫




চিত্র-৬


- এছাড়াও লেখা (*Text*) বা অবজেক্ট (*Image, Shape etc.... *)-টি কতক্ষণ পরে ***Slide*** - এ আসবে সেটি নির্ধারণ করতে হলে ***Delay*** বক্সের ডান পার্শ্বের আপ-ডাউন (▲▼) এ্যারো-তে *Mouse*-ক্লিক করে সময় নির্ধারণ করে দিতে পারেন (চিত্র-৪)।
- লেখা (*Text*) বা অবজেক্ট (*Image, Shape etc.... *)-টি *Animation*-হয়ে ***Slide*** -এ আসতে কতক্ষণ সময় নেবে সেটি নির্ধারণ করতে হলে *Duration* অপশন এর বক্সের ডান পার্শ্বের ড্রপ-ডাউন (▼) এ্যারো-তে *Mouse*-ক্লিক করে প্রয়োজন মত সময় নির্ধারণ করে দিতে পারেন (চিত্র-৫)।
- কিংবা লেখা (*Text*) বা অবজেক্ট (*Image, Shape etc.... *)-টি ***Slide*** -এ আসতে *Animation*-এর পুনরাবৃত্তি করবে কিনা করলে কতবার কিংবা কতক্ষণ করবে সেটি নির্ধারণ করতে হলে ***Repeat*** অপশন এর বক্সের ডান পার্শ্বের ড্রপ-ডাউন (▼) এ্যারো-তে *Mouse*-ক্লিক করে চাহিদা মত নির্ধারণ করে দিন (চিত্র-৬)।




মোঃ মঞ্জুর-ই-এলাহী
সহকারী অধ্যাপক, আই.সি.টি
নওয়াবেঁকী মহাবিদ্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা
মোবাইল নং-০১৭১১৯০৯০৬১
E-mail: m_elahee@yahoo.com, melahee73@gmail.com

## *Animation-এর Triggers সেট করা:*


- যে *Animation*-টির জন্য *Triggers* সেট করতে চাই সেই *Animation*-টির (যদি এমন চাই যে জাতীয় পতাকার ছবিতে ক্লিক করলে জাতীয় পতাকা লেখাটি পর্দায় আসবে তাহলে জাতীয় পতাকা লেখাটির *Animation*-টির ) ডান পার্শ্বের ড্রপ-ডাউন (▾) এ্যরো-তে *Mouse*-ক্লিক করে অথবা *Animation*-টির উপর *Mouse*-এর ডান বাটন ক্লিক করে *Timing* ক্লিক করি (চিত্র-১)-
- তাহলে ঐ *Animation*-টির *Timing* ডায়ালগ বক্স চালু হবে (চিত্র-২)।




চিত্র-৩




চিত্র-২





চিত্র-১

- এখন *Timing* ট্যাব এর নিচের দিকের *Triggers* বাটনে ক্লিক করলে *Triggers* অপশর গুলি প্রদর্শিত হবে (চিত্র-৩)।
- এবার *Start effect on Click of* এর বাম পার্শ্বের রেডিও বাটনে ক্লিক করে সেটিকে নির্বাচন করুন (চিত্র-৪)।

চিত্র-৪




- এখন যে লেখা (*Text*) বা অবজেক্ট (*Image, Shape etc....* )-কে *Trigger* হিসেবে ব্যবহার করতে চান *Start effect on Click of* এর বক্সের ডান পার্শ্বের ড্রপ-ডাউন (▾) এ্যরো-তে *Mouse*-ক্লিক করে সেটির *Animation*-টিকে (যদি চান যে জাতীয় পতাকার ছবিতে ক্লিক করলে জাতীয় পতাকা লেখাটি পর্দায় আসবে তাহলে জাতীয় পতাকার *Animation*-টিকে ) নির্বাচন করে দিন (চিত্র-৫)।




চিত্র-৫

- সব শেষে OK ক্লিক করুন।




মোঃ মঞ্জুর-ই-এলাহী
সহকারী অধ্যাপক, আই.সি.টি
নওয়াবেঁকী মহাবিদ্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা
মোবাইল নং-০১৭১১৯০৯০৬১
E-mail: m_elahee@yahoo.com, melahee73@gmail.com

## PowerPoint-এ নতুন Slide যুক্ত করা:

- বিভিন্ন পদ্ধতিতে আমরা PowerPoint-এ নতুন Slide-যুক্ত করতে পারি। যেমন-
- যে Slide-এর নিচে নতুন Slide-টি যুক্ত করতে চাই বাম পার্শ্বের প্যান হতে সেই Slide-টিতে ক্লিক করে সেটিকে নির্বাচন (Select) করি (চিত্র-১)।
- এখন Keyboard-এর Enter- বাটন Press করলেই নতুন একটি Slide-যুক্ত হয়ে সেটি ডান পার্শ্বে প্রদর্শিত হবে (চিত্র-২)।


চিত্র-১




এছাড়াও যে Slide-এর নিচে নতুন Slide-টি যুক্ত করতে চাই বাম পার্শ্বের প্যান হতে সেই Slide-টি (চিত্র-১) নির্বাচন (Click) করার পর।

- Home কিংবা Insert-রিবনের Slides কমান্ড গ্রুপের অধীন New Slide বাটনে ক্লিক করলেই নতুন একটি Slide-যুক্ত হয়ে সেটি ডান পার্শ্বে প্রদর্শিত হবে (চিত্র-২)।


চিত্র-২




যদি New Slide-টি যুক্ত করার সময় একই সাথে সেটির Layout পরিবর্তন চান তাহলে-

- Home কিংবা Insert-রিবনের Slides কমান্ড গ্রুপের অধীন New Slide লেখাটির পার্শ্বের ড্রপ ডাউন (▼) এ্যারোতে ক্লিক করলে বিভিন্ন ধরনের Layout প্রদর্শিত হবে (চিত্র-৩)।

চিত্র-৩





- এখন বিভিন্ন ধরনের Layout- এর মধ্য হতে আপনার প্রয়োজনীয় Layout- টির উপর ক্লিক করলেই সেই Layout- এর নতুন একটি Slide-যুক্ত হয়ে সেটি ডান পার্শ্বে প্রদর্শিত হবে (চিত্র-৩)।



মোঃ মঞ্জুর-ই-এলাহী
সহকারী অধ্যাপক, আই.সি.টি
নওয়াবেঁকী মহাবিদ্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা
মোবাইল নং-০১৭১১৯০৯০৬১
E-mail: m_elahee@yahoo.com, melahee73@gmail.com


## PowerPoint-এর Slide-এর Layout-পরিবর্তন করা:

- PowerPoint-এ কাজ করতে যেয়ে বিভিন্ন সময়ে আমাদের প্রয়োজন হয়ে থাকে Slide-এর Layout-পরিবর্তন করার।
- বিভিন্ন পদ্ধতিতে আমরা এই Slide- এর Layout-পরিবর্তন করতে পারি। যেমন-
- যে Slide-টির Layout-পরিবর্তন করতে চাই সেটির উপর Mouse-এর ডান বাটন ক্লিক করে Layout-এর উপর Mouse-পয়েন্টার নিয়ে গেলেই বিভিন্ন ধরনের Layout প্রদর্শিত হবে (চিত্র-১)।




চিত্র-১


চিত্র-২




- এখন বিভিন্ন ধরনের Layout- এর মধ্য হতে আপনার প্রয়োজনীয় Layout-টির উপর ক্লিক করলেই ডান পার্শ্বে প্রদর্শিত হওয়া আপনার পূর্বের Layout-টি পরিবর্তন হয়ে নতুন Layout-টির রুপ ধারন করবে (চিত্র-২)।


↳এছাড়াও যে Slide-টির Layout-পরিবর্তন করতে চান বাম পার্শ্বের প্যান হতে সেই Slide-টির উপর ক্লিক করে সেই Slide-টি নির্বাচন করুন।

- এখন Home-রিবনের Slides কমান্ড গ্রুপের অধীন Layout-ক্লিক করলে বিভিন্ন ধরনের Layout প্রদর্শিত হবে (চিত্র-৩)।




চিত্র-৩

চিত্র-৪





- এখানকার বিভিন্ন ধরনের Layout- এর মধ্য হতে আপনার প্রয়োজনীয় Layout-টির উপর ক্লিক করলেই ডান পার্শ্বে প্রদর্শিত হওয়া আপনার পূর্বের Layout-টি পরিবর্তন হয়ে নতুন Layout-টির রুপ ধারন করবে (চিত্র-৪)।




মোঃ মঞ্জুর-ই-এলাহী
সহকারী অধ্যাপক, আই.সি.টি
নওয়াবেঁকী মহাবিদ্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা
মোবাইল নং-০১৭১১৯০৯০৬১
E-mail: m_elahee@yahoo.com, melahee73@gmail.com

## PowerPoint Presentation-এর Duplicate Slide তৈরি করা:

- প্রথমে PowerPoint Presentation (কন্টেন্ট)-টিকে স্বাভাবিক (Normal) মোডে চালু (Open) করি (চিত্র-১)।




চিত্র-১





চিত্র-২


- এখন বাম প্যানে প্রদর্শিত Slide গুলির মধ্য থেকে যে Slide টির Duplicate Slide তৈরি করতে চাই সেটিকে ক্লিক করে সিলেক্ট করি। তাহলে সেটি ডান-পার্শ্বে প্রদর্শিত হবে (চিত্র-২)।
- এবার Home (চিত্র-৩) কিংবা Insert (চিত্র-৪)-রিবনের Slides কমান্ড গ্রুপের অধীন (চিত্র-৫) New Slide লেখাটির পার্শ্বের ড্রপ ডাউন (▼) এ্যারোতে (চিত্র-৬) ক্লিক করতে হবে ।




- তাহলে নিচের মত ডায়ালগ বক্স প্রদর্শিত হবে (চিত্র-৭)



চিত্র-৭





চিত্র-৮

- উক্ত ডায়ালগ বক্সের নিচের দিকের Duplicate Selected Slides ক্লিক করলে বাম পার্শ্বের সিলেক্ট করা Slide টির নিচে ঐ Slide টির সকল Object (লেখা, ছবি, অডিও, ভিডিও, এ্যানিমেশন ইত্যাদি) সহ Duplicate একটি Slide তৈরি হয়ে যাবে (চিত্র-৮)।




মোঃ মঞ্জুর-ই-এলাহী
সহকারী অধ্যাপক, আই.সি.টি
নওয়াবেঁকী মহাবিদ্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা
মোবাইল নং-০১৭১১৯০৯০৬১
E-mail: m_elahee@yahoo.com, melahee73@gmail.com

এছাড়াও বাম প্যানে প্রদর্শিত Slide গুলির মধ্য থেকে যে Slide টির Duplicate Slide তৈরি করতে চাই সেটির উপর Mouse-এর ডান বাটন ক্লিক করলে একটি পপ-আপ Menu প্রদর্শিত হবে (চিত্র-৯)।




চিত্র-৯




চিত্র-১০

- এখন উক্ত পপ-আপ Menu হতে Duplicate Slide-এ Mouse ক্লিক করলে বাম পার্শ্বের সিলেক্ট করা Slide টির নিচে ঐ Slide টির সকল Object (লেখা, ছবি, অডিও, ভিডিও, এ্যানিমেশন ইত্যাদি) সহ Duplicate একটি Slide তৈরি হয়ে যাবে (চিত্র-১০)।




*Avro Phonetic (English to Bangla)* কী-বোর্ড লে-আউট





*UniBijoy* কী-বোর্ড লে-আউট




মোঃ মঞ্জুর-ই-এলাহী
সহকারী অধ্যাপক, আই.সি.টি
নওয়াবেঁকী মহাবিদ্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা
মোবাইল নং-০১৭১১৯০৯০৬১
E-mail: m_elahee@yahoo.com, melahee73@gmail.com

## *PowerPoint এর Slide -এ ছবি যুক্ত করা :*

- *PowerPoint*-এর যে *Slide*-টিতে ছবি যুক্ত করতে চাই প্রথমে সেটিকে সামনে প্রদর্শিত করি। (বাম প্যানে সেই *Slide*-টিতে ক্লিক করলে ডান পার্শ্বে সেটি দেখা যাবে)
- এবার *Insert* রিবনের *Images* কমান্ডগ্রুপ থেকে *Pictures* ক্লিক করুন। তাহলে *Insert Picture* ডায়লগ বক্সটি চালু হবে (চিত্র-১)।


চিত্র-১


- এখন কম্পিউটারের যে স্থানে ছবিটি রাখা আছে সেই স্থানে গিয়ে যে ছবিটি যুক্ত করতে চান সেই ছবিটিতে *Mouse*-এর বাম বাটন *Double Click* ক্লিক করে অথবা ছবিটির উপর একটি ক্লিক করে *Open*-এ ক্লিক করলে ছবিটি *Slide*-এ যুক্ত হয়ে যাবে (চিত্র-২)।

চিত্র-২


## *PowerPoint এ Slide -এর ছবির আকৃতি পরিবর্তন করা :*


- ছবিটি *Slide*-এ যুক্ত হওয়ার সাথে সাথেই চারিপার্শ্বে একটি *Bounding Box* দেখা যাবে (চিত্র-২) এবং চারিকোনায় ও চারিপার্শ্বে মোট আটটি পয়েন্ট দেখা যাবে। যদি পয়েন্টগুলি কোন কারনে না থাকে তাহলে ছবিটির উপর *Mouse Click* করলেই সেগুলি আবার দেখা যাবে।
- এই পয়েন্টগুলির উপর *Mouse Pointer* নিয়ে গেলে সেটি *Twin Arrow* (দ্বিমূখী তীর) আকৃতি ধারন করবে।
- এখন ছবিটির আকৃতি পরিবর্তন করতে চাইলে যে কোন একটি কোনার পয়েন্টের উপর *Mouse Pointer* নিয়ে গেলে সেটি যখন *Twin Arrow* (দ্বিমূখী তীর) আকৃতি ধারন করবে তখন *Mouse*-এর বাম বাটন চেপে ধরে (*Click* করে) সেটিকে কোনাকোনি বিপরীতমূখী নিয়ে গেলে ছবিটি *Ratio* (অনুপাত) ঠিক রেখে ছোট হতে থাকবে (চিত্র-৩)।

চিত্র-৩



- প্রয়োজনমত ছোট করার পরই *Mouse*-টি ছেড়ে দিতে হবে তাহলেই ছবিটির আকৃতি সেইরুপ হয়ে যাবে (চিত্র-৩)।



মোঃ মঞ্জুর-ই-এলাহী
সহকারী অধ্যাপক, আই.সি.টি
নওয়াবেঁকী মহাবিদ্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা
মোবাইল নং-০১৭১১৯০৯০৬১
E-mail: m_elahee@yahoo.com, melahee73@gmail.com

- এছাড়াও ছবিটি সিলেক্ট করার পর Prictre Tools এর অধীন Format মেন্যুতে ক্লিক করতে পারেন (চিত্র-৪)।
- এখন Size কমান্ড গ্রুপের অধীন Height অথবা Width যে কোন একটির মান পরিবর্তন করে আনুপাতিক হার ঠিক রেখে ছবির আকৃতি পরিবর্তন করতে পারেন (চিত্র-৫)।





- তবে যদি ছবির Height এবং Width আপনার চাহিদা মত রাখতে চান তাহলে Size কমান্ড গ্রুপের ডান কোনায় তীর (Arrow) চিহ্নিত স্থানে ক্লিক করুন (চিত্র-৬)।
- তাহলে আপনার সামনে Format Picture মেন্যু প্রদর্শিত হবে (চিত্র-৭)।
- এখানে Lock aspect ratio এর বাম পার্শ্বের চেক (☑) বক্সে ক্লিক করে টিক মার্কটি তুলে দিন (চিত্র-৮)।
- এখন ছবির Height এবং Width এর মান আপনার চাহিদামত বসিয়ে দিতে পারবেন (চিত্র-৫)।
- এখন ছবিটির স্থান পরিবর্তন করে নির্দিষ্ট স্থানে নিয়ে যেতে চাইলে ছবিটির উপর *Mouse Pointer* নিয়ে গেলে সেটি যখন চর্তুমূখী তীর আকৃতি ধারন করবে তখন *Mouse*-এর বাম বাটন চেপে ধরে (*Click* করে) নির্দিষ্ট স্থানে গিয়ে *Mouse*-টি ছেড়ে দিয়ে ছবিটি সেই স্থানে স্থানান্তরিত হবে (চিত্র-৯)।

চিত্র-৯





চিত্র-৭




চিত্র-৮

## *PowerPoint* এর *ছবিতে-এ Caption* দেওয়া :

- *PowerPoint* এর *Slide*-এ কোন ছবি যুক্ত করার পর সেটির বৈশিষ্ট্য অনুযায়ী বর্ণনা বা তথ্য লিপিবদ্ধ করাকে বলা হয় *Caption* দেওয়া।
- কোন ছবিতে *Caption* দিতে চাইলে *Insert* রিবনের (চিত্র-১০) *Text* কমান্ডগ্রুপ (চিত্র-১১) থেকে *Text Box* (চিত্র-১২) ক্লিক করুন।






মোঃ মঞ্জুর-ই-এলাহী
সহকারী অধ্যাপক, আই.সি.টি
নওয়াবেঁকী মহাবিদ্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা
মোবাইল নং-০১৭১১৯০৯০৬১
E-mail: m_elahee@yahoo.com, melahee73@gmail.com

- এখন *Mouse Pointer* টি (⊥) বন্ধনীতে নির্দেশিত আকৃতি ধারণ করলে *Slide*-এর যে স্থান হতে *Caption* লিখতে চাই সেই স্থানে ক্লিক করলে একটি *Text Box* তৈরি হবে (চিত্র-১৩)।

চিত্র-১৪





চিত্র-১৩

- এখন কী-বোর্ড থেকে প্রয়োজনীয় *Caption*-টি টাইপ করুন (চিত্র-১৪)।
- *Caption*-টি টাইপ করার পর *Mouse Pointer* টি ফাঁকা স্থানে ক্লিক করুন।

## *PowerPoint-এ Slide-এর ছবি পরিবর্তন করা:*


- PowerPoint-এর Slide-এ ছবি যুক্ত করার পর সেটিকে আবার পরিবর্তন করার প্রয়োজন হতে পারে সেজন্য-
- যে ছবিটেকে পরিবর্তন করতে চান সেটির উপর Mouse-এর ডান বাটন ক্লিক করলে একটি Pop-up Menu প্রদর্শিত হবে (চিত্র-১০)।

চিত্র-১১




চিত্র-১০

- এখন উক্ত *Pop-up Menu* হতে *Change Picture* এর উপর ক্লিক করুন (চিত্র-১১)।
- কিংবা ছবিটির উপর ক্লিক করে সেটিকে -Select করে Picture Tools এর অধীন Format মেন্যুতে (চিত্র-১২) ক্লিক করতে পারেন।




- এখন *Adjust* কমান্ড গ্রুপের (চিত্র-১৩) অধীন *Change Picture* লেখাটির (চিত্র-১৪) উপর ক্লিক করুন।



মোঃ মঞ্জুর-ই-এলাহী
সহকারী অধ্যাপক, আই.সি.টি
নওয়াবেঁকী মহাবিদ্যালয়
শ্যামনগর, সাতক্ষীরা
মোবাইল নং-০১৭১১৯০৯০৬১
E-mail: m_elahee@yahoo.com, melahee73@gmail.com

- তাহলে আপনার সামনে চিত্র-১৫ এর মত একটি ডায়ালগ বক্স আসতে পারে।





চিত্র-১৫

চিত্র-১৬





- তাহলে চিত্র-১৫ এর Work Offline বাটনে ক্লিক করলে Insert Picture ডায়ালগ বক্সটি প্রদর্শিত হবে (চিত্র-১৬)।
- এবার কম্পিউটারের যে স্থানে ছবি রাখা আছে সেই স্থানে গিয়ে পরিবর্তন করে যে ছবিটি যুক্ত করতে চান সেই ছবিটিতে *Mouse*-এর *Double Click* ক্লিক করে অথবা ছবিটির উপর একটি ক্লিক করে *Open*-এ ক্লিক করলেই পূর্বের ছবিটি পরিবর্তন হয়ে নতুন ছবিটি *Slide*-এ যুক্ত হয়ে যাবে (চিত্র-১৭)।




চিত্র-১৭

## *PowerPoint* এর *ছবিতে-এ Animation* দেওয়া :

- ***PowerPoint* এর *Text-এ Animation* দেওয়ার মত** প্রথমে আমরা *Animation* ট্যাবের *Advanced Animation* কমান্ড গ্রুপের অধীন *Animation Pan* ক্লিক করে ডান পার্শ্বে *Animation Pan* টি যথারীতি চালু করে রাখতে পারি (চিত্র-১৮), কিংবা প্রয়োজনের সময় পরেও চালু করে নিতে পারি।
- লেখাগুলিকে যেমন ধারাবাহিক ভাবে কোনটির পর কোনটি স্লাইডে আনতে চাই সেই ভাবে যেমন একটি একটি সিলেক্ট করে *Animation* দিলে একেবারে ধারাবাহিকতা তৈরি হয়ে যায়। তেমনি ছবিগুলিকে কোনটির পর আনতে চাই সেইটির পর ছবিটিকে সিলেক্ট করে *Animation* দিলেই সময় মত সেটি Slide-এ আসবে। তবে যদি কোন কারনে ধারাবাহিকতা পরিবর্তন করতে হয় তাহলে সেক্ষেত্রে আমরা *Animation Pan* থেকে Text-এর মত সেটিরও ধারাবাহিকতা পরিবর্তন করতে পারব।




চিত্র-১৮

- এখন ছবিটিকে সিলেক্ট করে (চিত্র-১৮) *Text*-এ *Animation* দেওয়ার মত করে সেটিকে *Animation* দিতে পারি। এবং *Text*-এ *Animation* দেওয়ার পর যেমন সেটিতে বিভিন্ন ধরনের *Effect* দেওয়া সম্ভব ছিল এখানেও তেমনি একই পদ্ধতিতে সবগুলি *Effect* দিতে পারি। সেক্ষেত্রে *Text*-এর জন্য উল্লেখিত পদ্ধতিগুলি লক্ষ্যনীয়।

## PowerPoint-এর Slide- এ ছবি Crop করা (অপ্রয়োজনীয় অংশ কাটা) :


